

হোটেলের ছাদে হেলিকপ্টার বিধ্বস্ত, পাইলট নিহত

- A Monitor Desk Report

Date: 12 August, 2024



ক্যানবেরা: অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ড অঙ্গরাজ্যের কেয়ার্নসের একটি হোটেলের ছাদে হেলিকপ্টার বিধ্বস্ত হয়েছে। এতে একজন পাইলট নিহত হয়েছেন। সোমবার (১২ আগস্ট) আন্তর্জাতিক সংবাদমাধ্যমের প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, স্থানীয় সময় সোমবার রাত ১টা ৫০ মিনিট নাগাদ ডাবল ট্রি বাই হিল্টন হোটলে হেলিকপ্টারটি বিধ্বস্ত হয়। এতে আগুন ধরে যায় এবং শত শত অতিথিকে সরিয়ে নেওয়া হয়।

কর্তৃপক্ষরা বলছেন, শুধু হেলিকপ্টারের পাইলট ঘটনাস্থলেই নিহত হয়েছেন। এছাড়া হোটেলের দুইজন অতিথিকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। তাদের অবস্থা স্থিতিশীল।

তবে ঠিক কী কারণে হেলিকপ্টার বিধ্বস্ত হলো তা এখন পর্যন্ত জানা যায়নি। কুইন্সল্যান্ড পুলিশ এই ঘটনার তদন্ত করছে।

আমান্দা কে নামে একজন জানান, হেলিকপ্টারটি অনেকটা নিচে দিয়ে যাচ্ছিল এবং হেলিকপ্টারে কোনো আলো ছিল না। এরপর এটি ঘুরে ভবনে আঘাত হানে এবং তাতে বিস্ফোরণ হয়।

আরেকজন জানান, হেলিকপ্টারটি দুইবার হোটেলের পাশ দিয়ে অতিক্রম করে এবং আরেকবার বিস্ফোরণ হয়।

-B